

চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড

চট্টগ্রাম ক্যান্টনমেন্ট

www.cbctg.gov.bd

নং ২৩.২২.৭০০৪.০২৭.১৪.০৮৩.২২.২২৪৬

তারিখ ২৫ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
১০ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

“পুরাতন অফিস ভবন নিলাম বিজ্ঞপ্তি”

চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত পুরাতন অফিস ভবনটি নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে আহ্বী ক্রেতাগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। সরেজমিনে পরিদর্শনপূর্বক নিম্নবর্ণিত শর্তাবলী মোতাবেক দাখিল করতে পারবেন।


লট নং	নিলামের বিবরণ
০১	চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড এর পুরাতন জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ অফিস ভবন নিলামের মাধ্যমে ভেঙ্গে অপসারণকরণ।

“সাধারণ জ্ঞাতব্য”

- ১। দরপত্র ক্রয়ের তারিখ : ১১ নভেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৪ (চৌদ্দ) দিন অর্থাৎ ২৪ নভেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় পর্যন্ত।
- ২। দরপত্রের মূল্য : ৫০০.০০ (পাঁচশত) টাকা।
- ৩। দরপত্র প্রাপ্তির স্থান : ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস।
- ৪। দরপত্র দাখিলের স্থান ও সময় : ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস।
- ৫। জামানতের পরিমাণ : ২০,০০০/- (বিশ হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সিডিউলের সাথে সংযুক্ত করতে হবে।
- ৬। দরপত্র খোলার তারিখ ও সময় : ২৫ নভেম্বর ২০২৪ খি., সময় : ১২:৩০ ঘটিকা।

“দরপত্র দাখিলের শর্তাবলী”


- ক) বর্ণিত পুরাতন অফিস ভবনটি ১১ নভেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৪ (চৌদ্দ) দিন অর্থাৎ ২৪ নভেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে অত্র ক্যান্টনমেন্ট বোর্ডের প্রতিনিধির উপস্থিতিতে প্রদর্শন করা যাবে।
- খ) দরপত্র দাখিলের সময় জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে।
- গ) সিডিউল এর সাথে সংযুক্ত মোতাবেক নির্দিষ্ট কলামে একক মূল্য অংকে ও কথায় উল্লেখ করতে হবে। টাকার অংকে কোরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ঘ) সিডিউল এবং পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বন্ধ খামে অত্র দপ্তরে ২৫/১১/২০২৪ খ্রি. তারিখ ১২:০০ ঘটিকার পূর্বে নির্ধারিত বক্সে জমা করতে হবে।
- ঙ) সর্বোচ্চ দরদাতার দর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে উদ্ধৃত মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরের রাজস্ব শাখায় জমা করতে হবে। অন্যথায়, জামানত বাজেয়াপ্ত হিসেবে গণ্য হবে।
- চ) কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পরেই কেবল সর্বোচ্চ ডাককারীকে মালামালগুলো গ্রহণ/প্রদান এর অনুমতিপত্র দেয়া হবে।
- ছ) সর্বোচ্চ নিলাম ডাককারীকে অনুমতিপত্র প্রদানের ০১ মাসের মধ্যে নিলামকৃত ভবন নিজ ব্যয়ে অপসারণ করতে হবে।
- জ) দরপত্র কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে অকৃতকার্য দরপত্র দাতাগণের জামানতের অর্থ ফেরৎ দেয়া হবে।
- ঝ) নিলামকৃত মালামাল অপসারণের সময় সরকারি সম্পত্তি যেমন পার্শ্ববর্তী ভবন, টেলিফোন, ইন্টারনেট ব্রডব্যান্ড সংযোগ, বিদ্যুৎ, পানি ও গ্যাস লাইনের কোন প্রকার ক্ষতি সাধিত হলে তা সর্বোচ্চ ডাককারীকে নিজ দায়িত্বে সংস্কার/মেরামত করতে হবে।
- ঞ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(সাজিয়া তাহের)

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
চট্টগ্রাম ক্যান্টনমেন্ট

ফোন নং-০২৩৩৯২৪৩১৬২





অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে।

- ১। এরিয়া সদর দপ্তর চট্টগ্রাম, চট্টগ্রাম সেনানিবাস।
- ২। স্টেশন সদর দপ্তর, চট্টগ্রাম সেনানিবাস।

৩। ২৪ এমপি ইউনিট, চট্টগ্রাম সেনানিবাস।

৪। জিই (আর্মি), চট্টগ্রাম সেনানিবাস।

৫। চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল।

৬। চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড সুপার মার্কেট/ক্যান্টনমেন্ট বোর্ড মার্কেট।

৭। নোটিশ বোর্ড/অন্যান্য জনবহুল স্থানে/ওয়েবসাইটে প্রকাশ

- সদয় অবগতি ও ২৫ নভেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় নিলামে অংশগ্রহণের জন্য জিডিওকে এ কার্যালয়ে উপস্থিত থাকার প্রয়োজনীয় নির্দেশনা দানের জন্য অনুরোধ করা হলো।
- নিলামে অংশগ্রহণকারীদের সেনানিবাসে প্রবেশের অনুরোধ করা হলো।
- বিজ্ঞপ্তি প্রচারের জন্য।